

# বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
[www.brwt.gov.bd](http://www.brwt.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ২০.০৮.২০১৭খ্রি:

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস- ২০১৭”  
পালন উপলক্ষে আলোচনা সভা

২০ আগস্ট ২০১৭খ্রি: রবিবার, বিকাল ৪:০০ ঘটিকায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সভাকক্ষে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস- ২০১৭” পালন উপলক্ষে এক আলোচনা ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনা সভায় বাংলাদেশের মুক্তিযুদ্ধের সকল শহীদ ও জাতির পিতাসহ তাঁর পরিবারের সকল শহীদদের পারলৌকিক শান্তি কামনা করে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। উক্ত আলোচনা সভায় বক্তরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কিত সঠিক ইতিহাস ও বিভিন্ন দিক নির্দেশনা এবং তাঁর অবদানের উপর আলোকপাত করেন। বক্তরা বলেন, জাতির পিতা সারাটি জীবন উৎসর্গ করেছিলেন বাঙালির মুক্তির জন্য, বাঙালির স্বাধিকারের জন্য, যার জন্ম না হলে বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্রের জন্ম হতো না।

ট্রাস্ট সচিব মি: জয়দত্ত বড়ুয়া’র সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রাস্টের মাননীয় ভাইস চেয়ারম্যান মি. সুপ্ত ভূষণ বড়ুয়া, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মি: দয়াল কুমার বড়ুয়া, ট্রাস্টি, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মি: অশোক বড়ুয়া, সাধারণ সম্পাদক, বাংলাদেশ বুড্ডিস্ট ফেডারেশন, কর্নেল (অব:) মি: সুমন বড়ুয়া, বিশিষ্ট সমাজ সেবক, মি: প্রমথ বড়ুয়া, সহ-সভাপতি, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ ও মিসেস বেবী বড়ুয়া, সদস্য, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটি। উক্ত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মি: রিপন বড়ুয়া, সাবেক সা: সম্পাদক, বাংলাদেশ যুব আওয়ামী লীগ, সবুজবাগ থানা, অধ্যক্ষ মিলন কান্তি দেবনাথ এবং সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ডের সহকারী সচিব মি: অসীম চৌধুরী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ট্রাস্টের উপ-পরিচালক মি: শ্যামল মিত্র বড়ুয়া।

স্বাক্ষরিত

২০/০৮/২০১৭

(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।